# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 20.08.2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১)নতুন দিল্লিতে ভারত – জাপান প্রতিরক্ষামন্ত্রীদের বৈঠক শুরু হয়েছে।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ সিঙ্গাপুরে সে দেশের প্রধানমন্ত্রী লরেন্স ওং-এর সঙ্গে সাক্ষাৎ করেছেন।

৩) চেন্নাই-এর কাছে কোভালামে দক্ষিণ আঞ্চলিক পরিষদের ৩১-তম বৈঠকে সভাপতিত্ব করছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্।

৪)আফগানিস্তানের সঙ্গে ভারতের দীর্ঘ দিনের স্বাস্থ্য সহযোগিতার অঙ্গ হিসাবে কাবুলের একটি সরকারি হাসপাতালে ভারত ওষুধ ও চিকিৎসা-সামগ্রী পাঠিয়েছে।

৫) ১৩৫-তম ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে আজ মোহনবাগান সুপার জায়েন্ট শিলং-এ নর্থইস্ট ইউনাইটেড এফসি-র মুখোমুখি হবে।

************************************************************************

নতুন দিল্লিতে ভারত জাপান প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠক শুরু হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং জাপানের প্রতিরক্ষা মন্ত্রী শিনজিরো কইজুমি বৈঠকের সভাপতিত্ব করছেন। দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সম্পর্ক আরো মজবুত করা, কৌশলগত অংশীদারিত্ব বাড়ানো, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্থায়িত্ব ও নিরাপত্তা ব্যবস্থা মজবুত এবং সহযোগিতার নতুন নতুন দিকগুলি নিয়ে বৈঠকে আলোচনা হওয়ার সম্ভাবনা। নৌপথে নিরাপত্তার ওপর জোর দিয়েছেন প্রতিরক্ষা মন্ত্রী।

( বাইট- রাজনাথ )

দুই প্রতিরক্ষা মন্ত্রীর মধ্যে সমুদ্র নিরাপত্তার মত বিষয়ে সহযোগিতা বাড়ানো এবং মেক ইন ইন্ডিয়া কর্মসূচির অধীনে প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বিষয়ক আলোচনা হবে। প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি হস্তান্তরের তিনটি নীতির সংশোধন সংক্রান্ত আলোচনায় বিষয়গুলি স্থান পাবে। দ্বিপাক্ষিক প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা র ভবিষ্যৎ রোড ম্যাপ তৈরির বিষয়ে বৈঠকে আলোচনার সুযোগ রয়েছে।

জাপানের প্রতিরক্ষা মন্ত্রী সিঞ্জিরো কইজুমি তাঁর প্রথমবার ভারত সফরে গতকাল মুম্বাইতে ওয়েসটার্ন ন্যাভাল কম্যান্ড এর সঙ্গে দেখা করেন। তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়। আজ সকালে, তিনি গৌরব স্তম্ভে

গিয়ে পুস্পস্তবক অর্পণ করেন। কইজুমি, নৌ সেনাধক্ষ্য এডমিরাল কৃষ্ণ স্বামীনাথন এবং ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বাৎস্যায়নের সঙ্গে পরে আলোচনায় মিলিত হন। জাপানের প্রতিরক্ষা মন্ত্রীকে ভারতের নৌ সেনার ভুমিকা, দায়িত্ব ও কার্যক্ষমতা বিষয়ে অবহিত করা হয়। তিনি দেশীয় প্রযুক্তিতে তৈরি যুদ্ধ জাহাজ INS চেন্নাই ও পরিদর্শন করেন।

*********************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ সিঙ্গাপুরে সে দেশের প্রধানমন্ত্রী লরেন্স ওং-এর সঙ্গে সাক্ষাৎ করেছেন। উপস্হিতি ছিলেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল এবং ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জিতিন প্রসাদও বৈঠকে উপস্থিত ছিলেন। সমাজ মাধ্যমের এক পোস্টে অর্থমন্ত্রক জানিয়েছে, দু-দেশের নেতৃবৃন্দ সামগ্রিক কৌশলগত অংশীদারিত্বের ভবিষ্যৎ পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন।

পাশাপাশি, অর্থনৈতিক সহযোগিতা, ডিজিটালাইজেশন, যোগাযোগ ব্যবস্থা, দক্ষতা উন্নয়ন এবং স্থায়িত্বের মতো ক্ষেত্রগুলিতে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও মজবুত করার লক্ষ্যেও আলোচনা হয়েছে। ভারত – সিঙ্গাপুর মন্ত্রী পর্যায়ে গোল টেবিল বৈঠকে চতুর্থ দফায় যোগ দিতে এই মন্ত্রীরা বর্তমানে সিঙ্গাপুর সফর করছেন, আজই এই বৈঠক হওয়ার কথা।

*********************************************************************

চেন্নাই-এর কাছে কোভালামে দক্ষিণ আঞ্চলিক পরিষদের ৩১-তম বৈঠকে সভাপতিত্ব করছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। উপস্থিত আছেন, তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী যোসেফ বিজয়। কর্ণাটকের মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার, কেরালার মুখ্যমন্ত্রী ভি. ডি সতীশন, অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু এবং তেলেঙ্গানার উপ-মুখ্যমন্ত্রী ও পুডুচেরীর উপ-রাজ্যপাল। আন্তঃরাজ্য সহযোগিতা, আর্থিক বিকাশ, শিল্প ক্ষেত্রে বিনিয়োগ, অংশীদারিত্ব মজবুত, পরিকাঠামো উন্নয়ন, জল সম্পদ বন্টন , শিক্ষা-স্বাস্হ্য, তথ্য প্রযুক্তি, বিপর্যয় মোকাবিলা, অপরাধ দমন এবং সীমান্ত সমস্যার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে বৈঠকে আলোচনা হবে।

*********************************************************************

নতুন দিল্লিতে আসন্ন ব্রিকস সম্মেলনের প্রস্তুতি উপলক্ষে এক পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করেন দিল্লির উপরাজ্যপাল তারনজিৎ সিং সান্ধু। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি জানান, ওই সম্মেলন আয়োজনের সঙ্গে যুক্ত বিভিন্ন সংস্থার মধ্যে নিরবচ্ছিন্ন সমন্বয় এবং সময়সীমা মেনে কাজ সম্পন্ন করার ওপর জোর দেওয়া হয়েছে বৈঠকে। কসম্মেলনস্থলসহ যাতায়াতের প্রধান পথগুলোতে সুষ্ঠু যান চলাচল ও নিরাপত্তা ব্যবস্থা, যথাযথ নাগরিক পরিষেবা ও রক্ষণাবেক্ষণ এবং জরুরি চিকিৎসা পরিষেবা প্রস্তুত রাখতে সংশ্লিষ্ট সকল বিভাগ ও সংস্থাকে নির্দেশ দিয়েছেন তিনি।

*********************************************************************

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব আজ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের সভাপতিত্বে ব্রিক্সকে আরও জনমুখী এবং মানবতাই প্রথম – এই পথে পরিচালিত করা হচ্ছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে একটি ইংরেজী দৈনিকের প্রবন্ধ শেয়ার করে তিনি বলেন, বন সংরক্ষণ, দাবানল রোধে ব্যবস্হাপনা, বিপর্যয় মোকাবিলা এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় জনমুখী চিরাচরিত জ্ঞানের প্রসারকেই ভারত গুরুত্ব দিচ্ছে।

*************************************************************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৮৩ তম জন্মদিনে তাকে স্মরণ করা হচ্ছে। দিনটি জাতীয় সদভাবনা দিবস হিসেবেও উদযাপিত হবে। এই উপলক্ষে রাজীব গান্ধীকে শ্রদ্ধা জানাতে দেশ জুড়ে কংগ্রেসের পক্ষ থেকে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়াণের পর রাজীব গান্ধী দেশের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন।

*************************************************************************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী রাধাকৃষ্ণন প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে জাতির প্রতি তাঁর সেবা ও জনজীবনে তাঁর অবদানের কথা স্মরণ করেন।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার৩০ শে আগস্ট , আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*************************************************************************

ভারত, আফগানিস্তানের কাবুলের একটি সরকারি হাসপাতালে ওষুধ ও চিকিৎসা-সামগ্রী সরবরাহ করে সেদেশের জনগণের সঙ্গে ভারতের দীর্ঘদিনের যে স্বাস্থ্য-সহযোগিতার সম্পর্ক রয়েছে, তা আরো একবার পুনর্ব্যক্ত করেছে। বিদেশ মন্ত্রক সমাজ মাধ্যমের এক পোস্টে জানিয়েছে, এই সহায়তা আসলে আফগানিস্তানের বন্ধুত্বপূর্ণ জনগণের স্বাস্থ্যসেবার প্রয়োজনে পাশে দাঁড়ানোর বিষয়ে ভারত যে প্রতিশ্রুতিবদ্ধ

তারই প্রতিফলন। কাবুলের ওই সরকারি হাসপাতালে স্বাস্থ্যসেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যেই এই চিকিৎসা-সামগ্রী সরবরাহ করা হয়েছে।

****************************************************************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিরুদ্ধে ব্যাপক অর্থনৈতিক অবরোধের হুমকি দিয়েছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে ট্রাম্প বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সমোঝতায় পৌঁছনোর বেশ কয়েকবার সুযোগ দেওয়া সত্ত্বেও ইরান তা কাজে লাগাতে ব্যর্থ হয়েছে। তেহেরানকে সহায়তা প্রদানকারী যেকোন দেশের ওপর অর্থনৈতিক শাস্তিমূলক ব্যবস্হা নেওয়ার হুমকি দিয়েছে ট্রাম্প। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বন্ধু দেশগুলির প্রতি ইরানকে বিচ্ছিন্ন করার আহ্বান জানিয়েছে।

****************************************************************************

নতুন দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী, সিআইএসএফ ৬৮ লক্ষ টাকারও বেশি হিসাব বহির্ভূত নগদ অর্থ উদ্ধার করেছে। সিআইএসএফ জানিয়েছে, যাত্রীদের আচরণ পর্যবেক্ষণ এবং সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে দুই সন্দেহভাজনকে শনাক্ত করা হয়। তাঁদের ব্যাগ তল্লাশি করলে উদ্ধার হয় এই নগদ অর্থ। উদ্ধার হওয়া নগদ টাকা, মালপত্র এবং তাঁদের নথিপত্রসহ ওই যাত্রীদের আয়কর দপ্তরের আধিকারিকদের কাছে হস্তান্তর করা হয়েছে বলে সিআইএসএফ জানিয়েছে।

****************************************************************************

উত্তর ওড়িশার বেশ কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতি এখনও উদ্বেগজনক। বৃষ্টির পরিমাণ কমলেও ভদ্রক, কেন্দ্রপড়া, বালেশ্বর, ময়ূরভঞ্জ ও কেওনঝড় জেলা এখনও জলমগ্ন। সুবর্ণরেখা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ আরও বেড়েছে। নতুন করে বৃষ্টির সম্ভাবনা থাকায় ভারতীয় আবহাওয়া দপ্তর ময়ূরভঞ্জ, কেওনঝড় ও সুন্দরগড় জেলায় 'হলুদ সতর্কতা' জারি করেছে।
আজ সকালে রাজঘাটে নদীর জলস্তর বেড়ে দুকূল প্লাবিত হওয়ায় ২ লক্ষ ৮০ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। বালেশ্বর জেলার বালিয়াপাল এলাকা জলমগ্ন থাকায় ৪৫ হাজারেরও বেশি মানুষ গৃহবন্দী হয়ে পড়েছে। ভদ্রক জেলায় স্কুল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলো বন্ধ রাখা হয়েছে। সুবর্ণরেখা নদীর জলস্তরও বাড়ছে।

****************************************************************************

ভারত রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের জরুরি সংস্কারের আহ্বান জানিয়েছে। রাষ্ট্রসংঘে নিযুক্ত ভারতের 'চার্জ ডি অ্যাফেয়ার্স' যোজনা প্যাটেল, নিরাপত্তা পরিষদের কার্যপদ্ধতি বিষয়ক এক আলোচনায় বলেন, সংস্কারের প্রয়োজনীয়তা এখন আগের চেয়ে অনেক বেশি জরুরি। পরিষদের গঠন ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় বর্তমান বিশ্বের বাস্তব পরিস্থিতির প্রতিফলন এবং উন্নয়নশীল দেশগুলোর প্রতিনিধিত্ব আরো বেশি থাকা প্রয়োজন। ১৯৪৫ সালের পর থেকে রাষ্ট্রসংঘের সদস্য সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে; তাই নিরাপত্তা পরিষদকে আর সেই সময়ের ভিত্তিতে পরিচালিত হতে দেওয়া যায় না। ভারত, স্থায়ী ও অস্থায়ী—

উভয় ধরনের সদস্যপদ সম্প্রসারণ এবং গ্লোবাল সাউথ বা উন্নয়নশীল বিশ্বের দেশগুলোর আরো বেশি প্রতিনিধিত্বের দাবি পুনর্ব্যক্ত করেছে।

স্বচ্ছতা বৃদ্ধির আহ্বান জানিয়ে ভারত বলেছে, নথিপত্র ও ঐতিহাসিক রেকর্ড পাওয়ার ক্ষেত্রে স্থায়ী-অস্থায়ী নির্বিশেষে নিরাপত্তা পরিষদের সকল সদস্যের সমান অধিকার থাকা উচিত।

সন্ত্রাসবাদ প্রসঙ্গে যোজনা প্যাটেল সতর্ক করে বলেন, নিরাপত্তা পরিষদের সদস্যপদকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা উচিত নয়; কোনো সংগঠনকে সন্ত্রাসবাদী হিসেবে তালিকাভুক্ত করা বা তালিকা থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত অবশ্যই প্রমাণের ওপর ভিত্তি করে নেওয়া উচিত।

***********************************************************************

এফ আই এইচ হকি বিশ্বকাপের গ্রুপ পর্বের শেষ ম্যাচে ভারতের পুরুষ হকি দল গতকাল চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানকে ৫-৩ ব্যবধানে হারিয়ে পরবর্তী রাউন্ডে জায়গা করে নিয়েছে। ম্যাচে হারমানপ্রীত সিং ও হার্দিক সিং দুটি করে গোল করেন এবং অভিষেক একটি গোল করেন। ম্যাচে পরাজয়ের ফলে হকি বিশ্বকাপের গ্রুপ পর্ব থেকেই পাকিস্তানের বিদায় ঘটেছে।

অন্যদিকে, আমস্টেলভিনের ওয়াগেনার স্টেডিয়ামে 'পুল ডি'-র শেষ ম্যাচে আজ ভারতীয় মহিলা দল, ইংল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাড়ে ৬টায়।

***********************************************************************